

▶ শুভ সকাল চালু হচ্ছে ভূমিসেবা কাস্টমার কেয়ার সেন্টার	▶ দশ কথার এক কথা বিদেশে আসার আগে যোজ্ঞাবধ নিয়ে আসুন: পৌদি রত্নদুত্ত	প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মাস্টার নজির আহমদ www.dailypurbodosh.com ১৬ পৃষ্ঠা   ৭ টাকা	▶ চট্টগ্রামে শনাক্ত মৃত্যু ১,২৯,৫১৬ ১,৩৬৯	▶ শেষ পাতায় সারা দেশে ঘন কৃষাণা পড়ার আভাস
--	--	---	--	---

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে ‘মাটির ময়না’ প্রদর্শন

প্রিমিয়ার ইউনিভার্সিটির উদ্যোগে বিজয় দিবস উপলক্ষে পাঁচদিনের ‘বিজয় উৎসব’ শীর্ষক বিজয় কনসার্ট ও চলচ্চিত্র প্রদর্শনীর দ্বিতীয় দিন ১৮ ডিসেম্বর বিকেল ৩টায় দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে ‘মাটির ময়না’ চলচ্চিত্র প্রদর্শিত হয়েছে। মাটির ময়না মুক্তিযুদ্ধভিত্তিক নাট্য চলচ্চিত্র। চলচ্চিত্রটি রচনা এবং পরিচালনা করেছেন তারেক মাসুদ। এটি তারেক মাসুদ পরিচালিত প্রথম পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র। তারেকের গল্প অবলম্বনে যৌথভাবে চলচ্চিত্রটির চিত্রনাট্য রচনা করেছেন তারেক এবং ক্যাথরিন মাসুদ। চলচ্চিত্রে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের প্রাক্কালে গণঅভ্যুত্থানের পটভূমিতে মাসুদের ছেলেবেলার অভিজ্ঞতা ফুটে উঠেছে। চলচ্চিত্রের মূল ভূমিকায় অভিনয় করেছেন নুরুল ইসলাম বাবলু, রাসেল ফরাজী, জয়ন্ত চট্টোপাধ্যায়, রোকিয়া প্রাচী, শোয়েব ইসলাম এবং লামিসা আর রিমঝিম।

‘মাটির ময়না’ চলচ্চিত্র প্রদর্শনের সময় উপস্থিত ছিলেন চিত্রনায়ক ফেরদৌস। উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক, রেজিস্ট্রার খুরশিদুর রহমান, প্রক্টর আহমদ রাজীব চৌধুরী, প্রিমিয়ার ইউনিভার্সিটি কালচারাল কমিটির আহ্বায়ক অনুপ কুমার বিশ্বাস ও সদস্য সচিব পঙ্কজ বিশ্বাস।

‘মাটির ময়না’ চলচ্চিত্র প্রদর্শনের আগে চিত্রনায়ক ফেরদৌস বলেন, এই চলচ্চিত্র প্রদর্শনীর আয়োজনের জন্য প্রিমিয়ার ইউনিভার্সিটি অবশ্যই ধন্যবাদ পাবার যোগ্য। এখানে যে চলচ্চিত্রগুলো প্রদর্শিত হচ্ছে সেগুলো বাংলাদেশ ও মুক্তিযুদ্ধ সম্পর্কে গুরুত্বপূর্ণ ধারণা দিতে সহায়তা করবে। তিনি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও মুক্তিযুদ্ধের শহীদদের স্মরণ করেন। দ্বিতীয় দিনে ‘মাটির ময়না’ চলচ্চিত্র ছাড়াও জহির রায়হানের মুক্তিযুদ্ধভিত্তিক তথ্যচিত্র ‘স্টপ জেনোসাইড’ প্রদর্শন করা হয়। বিজ্ঞপ্তি



প্রিমিয়ার ইউনিভার্সিটিতে চলচ্চিত্র প্রদর্শনীতে বক্তব্য দেন চিত্রনায়ক ফেরদৌস



‘রেমিটেন্স অর্থনীতিকে  
গতি দিয়েছে’



‘সুস্থ সন্তানের জন্য গর্ভবতী  
মাকে পুষ্টিসমৃদ্ধ খাবার দিতে হবে’



‘মেসি ৫০ বছর  
পর্যন্ত খেলুক’



প্রিমিয়ার ইউনিভার্সিটিতে ‘বিজয় উৎসব’ শীর্ষক বিজয় কনসার্ট ও চলচ্চিত্র প্রদর্শনীর দ্বিতীয় দিনে বক্তব্য রাখছেন চিত্রনাট্যক ফেরদৌস

## প্রিমিয়ার ইউনিভার্সিটি

# বিজয় উৎসবের দ্বিতীয় দিনে ‘মাটির ময়না’ প্রদর্শনী

প্রিমিয়ার ইউনিভার্সিটির উদ্যোগে বিজয় দিবস উপলক্ষে পাঁচদিনের ‘বিজয় উৎসব’ শীর্ষক বিজয় কনসার্ট ও চলচ্চিত্র প্রদর্শনীর দ্বিতীয় দিন অতিবাহিত হয়েছে ১৮ ডিসেম্বর। দ্বিতীয় দিনে বিকেল ৩টায় প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে ‘মাটির ময়না’ চলচ্চিত্র প্রদর্শিত হয়েছে। মাটির ময়না মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্র। চলচ্চিত্রটি রচনা এবং পরিচালনা করেছেন তারেক মাসুদ। এটি তারেক মাসুদ পরিচালিত প্রথম পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র। তারেকের গল্প অবলম্বনে যৌথভাবে চলচ্চিত্রটির চিত্রনাট্য রচনা করেছেন তারেক এবং ক্যাথরিন মাসুদ।

চলচ্চিত্রে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের প্রাক্কালে গণঅভ্যুত্থানের পটভূমিতে মাসুদের ছেলেবেলার অভিজ্ঞতা ফুটে উঠেছে। চলচ্চিত্রের মূল ভূমিকায় অভিনয় করেছেন নুরুল ইসলাম বাবলু, রাসেল ফরাজী, জয়ন্ত চট্টোপাধ্যায়, রোকেয়া প্রাচী, শোয়েব ইসলাম এবং লামিসা আর রিমঝিম। ‘মাটির ময়না’ চলচ্চিত্র প্রদর্শনের সময় উপস্থিত ছিলেন জনপ্রিয় চিত্রনাট্যক ফেরদৌস। এছাড়া আরও উপস্থিত ছিলেন প্রিমিয়ার

ইউনিভার্সিটির মাননীয় উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক, রেজিস্ট্রার জনাব খুরশিদুর রহমান, প্রক্টর আহমদ রাজীব চৌধুরী, প্রিমিয়ার ইউনিভার্সিটি কালচারাল কমিটির আহ্বায়ক অনুপ কুমার বিশ্বাস ও সদস্য-সচিব পঙ্কজ বিশ্বাস।

‘মাটির ময়না’ চলচ্চিত্র প্রদর্শনের আগে চিত্রনাট্যক ফেরদৌস তাঁর বক্তব্যে বলেন, এই চলচ্চিত্র প্রদর্শনীর আয়োজনের জন্য প্রিমিয়ার ইউনিভার্সিটি অবশ্যই ধন্যবাদ পাবার যোগ্য। এখানে যে-চলচ্চিত্রগুলো প্রদর্শিত হচ্ছে সেগুলো বাংলাদেশ ও মুক্তিযুদ্ধ সম্পর্কে গুরুত্বপূর্ণ ধারণা দিতে সহায়তা করবে। তিনি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও মুক্তিযুদ্ধের শহীদদের গভীরভাবে স্মরণ করেন।

দ্বিতীয় দিনে ‘মাটির ময়না’ চলচ্চিত্র ছাড়াও জহির রায়হানের মুক্তিযুদ্ধভিত্তিক তথ্যচিত্র ‘স্টপ জেনোসাইড’ প্রদর্শন করা হয়।

আজকের কর্মসূচি : আজ ১৯ ডিসেম্বর প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়ার কেন্দ্রীয় অডিটোরিয়ামে বিকেল ৩টায় ‘ভুবন মাঝি’ শীর্ষক চলচ্চিত্র প্রদর্শিত হবে। বিজ্ঞপ্তি